# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *৭ সেপ্টেম্বর ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## বদরুদ্দীন উমর পাহাড়িদের অকৃত্রিম বন্ধু: তার মৃত্যুতে শোক প্রকাশ ইউপিডিএফের

বাংলাদেশের বামপন্থী আন্দোলনের পুরোধা, বিপ্লবী তাত্ত্বিক ও জাতীয় মুক্তি কাউন্সিলের সভাপতি বদরুদ্দীন উমরের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত বিকাশ খীসা ও সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা।

আজ রবিবার ৭ সেপ্টেম্বর ২০২৫ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তারা তার শোকসন্তপ্ত পরিবারের প্রতিও সমবেদনা জ্ঞাপন করেন এবং বলেন, "বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে এবং শ্রমিক, কৃষক, মেহনতি জনগণ ও নিপীড়িত সংখ্যালঘু জাতিসমূহের মুক্তির আন্দোলনে তার অবদান ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।"

বদরুদ্দীন উমরকে পার্বত্য চট্টগ্রামের জনগণের অকৃত্রিম ও পরীক্ষিত বন্ধু আখ্যায়িত করে ইউপিডিএফ নেতৃবৃন্দ বলেন, "বাংলাদেশের বামপন্থী মহলে তিনি এমন একজন নেতা যিনি পার্বত্য চট্টগ্রামের প্রেক্ষিতে বলেছিলেন, 'সশস্ত্র সংগ্রাম যদি ব্যাপক জনগণকে সংগঠিত করে তাদের সমর্থনের ভিত্তিতে সংগঠিত হয় তাহলে তা নিশ্চয়ই সমর্থন করা দরকার।'

"তিনি পার্বত্য চট্টগ্রামের শাসকগোষ্ঠীর পরিচালিত জাতিগত নিপীড়নের বিরুদ্ধে অত্যন্ত সোচ্চার ও উচ্চকণ্ঠ ছিলেন। পার্বত্য চুক্তি ও 'পাহাড়ি দালালদের' কড়া সমালোচনা করেছিলেন এবং পাহাড়িদের ন্যায়সঙ্গত আন্দোলনকে কেবল মৌখিক সমর্থন নয়, তিনি উক্ত আন্দোলন পরিচালনার ক্ষেত্রে তাত্ত্বিক পরামর্শসহ বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছিলেন।"

বদরুদ্দীন উমরের মৃত্যুতে পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগণসহ এদেশের মুক্তিকামী নিপীড়িত শ্রেণী ও জাতিসত্তাগুলো আন্দোলনের এক সহযাত্রী বন্ধুকে হারিয়েছে বলে ইউপিডিএফ নেতৃবৃন্দ মন্তব্য করেন।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।